

## জেএসসির বৃত্তির ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

১৫ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ১৫ মে ২০১৯ ০০:৩০



আমাদের সময়

২০১৮ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় বৃত্তির ফল প্রকাশ করেছে ঢাকা শিক্ষা বোর্ড। এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল বলেন, ঢাকা বোর্ডের ২০১৮ সালের জেএসসি পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে বৃত্তির ফল প্রকাশ করা হয়েছে। ঢাকা বোর্ডের অধীন ৫ হাজার ২২ জনকে ‘মেধাবৃত্তি’ এবং ৯ হাজার ৯৫৭ জনকে ‘সাধারণ বৃত্তি’ দেওয়া হয়েছে। জানা গেছে, নিয়ম অনুযায়ী সাধারণত জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের মেধা কোটা বৃত্তি দেয়া হতো। কিন্তু এবার কোনো কোনো উপজেলায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী পর্যাপ্ত না থাকায় বৃত্তি বন্টনে জটিলতায় পড়ে বোর্ড। পরে এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পরামর্শ চায় তারা। এরই ভিত্তিতে জিপিএ ৫-এর বিষয়টি শিথিল করে এ বৃত্তি বন্টন করা হয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, সব বৃত্তির ন্যূনতম যোগ্যতা জিপিএ-৩ নির্ধারণ করা হয়। ‘মেধাবৃত্তি’ পাওয়া প্রত্যেক শিক্ষার্থী মাসে ৪৫০ টাকা ও ‘সাধারণ বৃত্তি’ পাওয়া শিক্ষার্থী মাসে ৩০০ টাকা হারে বৃত্তির অর্থ পাবে। এ ছাড়া এককালীন বইপত্র ও যন্ত্রপাতি কেনার জন্য ‘মেধাবৃত্তি’ পাওয়া শিক্ষার্থীরা ৫৬০ টাকা এবং ‘সাধারণ বৃত্তি’ পাওয়া শিক্ষার্থীরা ৩৫০ টাকা পাবে।